Multidisciplinary Course (MDC)

TOURISM

AND

TRAVEL MANAGEMENT

This Study Material is prepared by;

Department of Geography, University B.T. and Evening College,

Cooch Behar

Syllabus of NBU 2nd Semester

MDC paper: Tourism and Travel Management, Course Content: (Theoretical)

Unit: I – History and continuity of Tourism

Introduction to tourism and travel management – Early travel in India; travel in ancient time, Silk route, Pilgrim Tourism, Travel for Trade and business, past educational tourism e.g. Nalanda &Taxila University. Different concepts like- travel-traveller, tourism-tourist, excursionist, inter-regional and intra-regional tourism, inbound and outbound tourism, domestic and international tourism.

Unit: II – Various forms of Tourism in Modern Era

Concepts of different Forms of Tourism in the modern period – Educational tourism, Employment tourism, Business tourism, sports tourism, Pilgrimage tourism, Cultural tourism, medical tourism, Wellness tourism, Adventure tourism, Wildlife tourism, Nature tourism, Heritage tourism. Salient features of tourism products.

Unit: III- Key Stakeholders of Tourism and Travel Management

Need for tourism Organisations and travel management – State level organisation- Department of Tourism, govt of West Bengal, WBTDC. National level organisation – Ministry of Tourism govt of India, ITDC, DGCA & ASI, International level organisation- UNWTO, UFTAA, WTTC, IATA, PATA, ICAO, Functions of travel agency, Travel formalities, legalities and regulations - Travel & transport, hospitality management. 7P's in tourism marketing. Role of Local Government in respect of sustainable tourism infrastructural development, Scientific and feasible travel management planning, Ease of tourism- role of AI, GPS and internet connectivity.

Unit: IV– Impact of tourism

Economic impacts – income opportunity, livelihood promotion etc., Social and Cultural impacts- tourist –host relationship, demonstration effect, cultural authenticity, Environmental & Political impacts – environmental pollution and minimise its effects on destination, need for Eco-tourism and sustainable tourism. Political disturbances and its impact on tourism. Strategies to overcome the negative impacts of tourism.

Unit-I: Early Travel in India

i. Silk Route (সিল্করুট):

সিল্করুট দক্ষিণ এশিয়ায় অবস্থিত পৃথিবীর প্রাচীনতম একটি সড়কপথ যা পশ্চিমে অবস্থিত সুদূর চীনের সাথে ভূমধ্যসাগরীয় অঞ্চল (গ্রীস, ইতালি) এবং মধ্যপ্রাচ্যে অবস্থিত দেশগুলির (তুরস্ক, সিরিয়া, ইরাক ইত্যাদি) মধ্যে বাণিজ্যিক সম্পর্ক স্থাপনের উদ্দেশ্যে নির্মিত হয়। বাণিজ্যিক পণ্য পরিবহনের উদ্দেশ্যে নির্মিত এই রাজপথ 138 খ্রিস্টপূর্বাব্দে চীনের হান রাজবংশের ঝাং কিয়ান দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল। এই রাজপথের মাধ্যমে সিল্ক, সুগন্ধিত দ্রব্য, মণি, মূল্যবান ধাতব, রত্ন পাথর, মুদ্রা, চীনা দ্রব্যাদি ইত্যাদি পরিবহন করা হত। সিল্ক রুটে বিভিন্ন পণ্যদ্রব্য পরিবহনের পাশাপাশি, বিভিন্ন সাংস্কৃতিক ভাবধারার বিনিময় হত, যেমন সাহিত্য, শিল্পকলা ইত্যাদি। এই সড়কপথ স্থাপনের মুখ্য উদ্দেশ্য ছিল এশিয়া মহাদেশের পূর্ব ও পশ্চিমের দেশগুলির মধ্যে বাণিজ্যিক সম্পর্ক ও যোগাযোগ স্থাপন করা। সিল্করুট প্রাচীনকালে বাণিজ্যিক দ্রব্য পরিবহনের পাশাপাশি ধর্মীয়-সাংস্কৃতিক আদান-প্রদানে বিশেষ ভূমিকা পালন করে। এই রাজপথ বরাবর হিন্দু, জৈন, বৌদ্ধ ইত্যাদি সম্প্রদায়ের ধর্মাবলম্বীরা ধর্মীয় পর্যটনে যাত্রা করতেন। প্রাচীনকালে সিল্করুট বরাবর বৌদ্ধিক আদর্শ এবং মতাদর্শনের প্রচার বিশেষ জনপ্রিয়তা অর্জন করে।



Silk Route

ii. Pilgrim Tourism (তীর্থস্থান পর্যটন):

ভারতবর্ষ প্রাচীনকাল থেকেই তীর্থস্থান পর্যটনের একটি অন্যতম গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসাবে সুপরিচিত। এই দেশের বিভিন্ন স্থানে অবস্থিত ধর্মীয় তীর্থস্থান গুলিতে বছরের পর বছর দেশ-বিদেশ থেকে বহু পর্যটক ও তীর্থযাত্রীদের সমাগম লক্ষ্য করা যায়। প্রাচীন ভারতের তীর্থস্থান পর্যটনে মূলত তিনটি ধর্মের উপাস্থান ছিল-

হিন্দুধর্ম, বৌদ্ধধর্ম, এবং জৈনধর্ম, যাদের মধ্যে হিন্দুধর্মের তীর্থস্থান পর্যটন সবচেয়ে বেশি লক্ষ্য করা যায়। সুপ্রাচীনকাল থেকে ভারতবর্ষের চারধাম (হিন্দু ধর্মের চারটি পবিত্র স্থান) যথা বদ্রীনাথ, দ্বারকা, পুরী, এবং রামেশ্বরম; উত্তরাখণ্ডের ছোটা চারধাম যথা যমুনোত্রী, গঙ্গোত্রী, কেদারনাথ, এবং বদ্রীনাথ; গঙ্গাতীরে অবস্থিত কাশি-বারাণসী; শ্রীকৃষ্ণের জন্মভূমি মথুরা-বৃন্দাবন; এবং উত্তর ভারতের কুম্ভ মেলা ইত্যাদি হিন্দু ধর্মাবলম্বী তীর্থযাত্রীদের কাছে অন্যতম পবিত্র তীর্থস্থান হিসাবে গণ্য হয়।



Char Dham in Uttarakhand

iii. Travel for Trade and Business (ব্যবসা-বাণিজ্যের জন্য পর্যটন):

প্রাচীনকালে একটি দেশের সাথে অন্য দেশের পর্যটনের অন্যতম গুরুত্বপূর্ণ কারণ ছিল দেশগুলির মধ্যে আন্তঃবাণিজ্যিক সম্পর্ক স্থাপন। সেই সময় বিভিন্ন দেশের বাণিজ্যিকরা সড়কপথে ঘোড়া, উট এবং সমুদ্রপথে পালতোলা নৌকা ইত্যাদির মাধ্যমে ব্যবসা-বাণিজ্যে অংশগ্রহণ করতেন। প্রাচ্য এবং মধ্যপ্রাচ্যের দেশগুলির অন্তর্বর্তী স্থানে অবস্থান জনিত কারণে, ভারত মহাসাগর সংলগ্ন সমুদ্র নিকটবর্তী অসংখ্য বন্দরের সহায়তায়, এবং সিল্করুটের সাহায্যে অন্যান্য দেশের সাথে সড়কপথে যোগাযোগের মাধ্যমে, ভারত সেই সময় বিশ্বের একটি অন্যতম বাণিজ্য কেন্দ্রে পরিণত হয়। উদাহরণস্বরূপ, সিল্করুট সড়কপথে ভারতকে মধ্য এশিয়া, পারস্য এবং ইউরোপের নানান দেশের সাথে সংযুক্ত রেখেছিল এবং ভারত মহাসাগরের সামুদ্রিক বাণিজ্য

Ancient Trade and Travel Routes in India

পথগুলি ভারতকে পূর্ব আফ্রিকা, আরব উপদ্বীপ, দক্ষিণ-পূর্ব এশিয়া এবং চীনের সাথে সংযুক্ত রেখেছিল যা এই দেশের বাণিজ্যিক পণ্য আদান-প্রদান এবং সাংস্কৃতিক ভাবধারা বিনিময়ের ক্ষেত্রে বিশেষ অবদান রাখে। প্রাচীনকালে লোথাল, তাম্রলিপ্ত, ভাড়ুছ, কাবেরীপত্তনম ছিল ভারতবর্ষ তথা সমগ্র দক্ষিণ এশিয়ার অন্যতম বাণিজ্যিক বন্দর যা এই দেশকে সমুদ্রপথের মাধ্যমে অন্যান্য সভ্যতার সাথে সংযুক্ত রেখেছিল।

iv. Past Educational Tourism (প্রাচীনকালে শিক্ষামূলক পর্যটন):

❖ **Nalanda University (নালন্দা বিশ্ববিদ্যালয়):**

বর্তমানে বিহারের রাজগিরে অবস্থিত নালন্দা বিশ্ববিদ্যালয় একসময় বিশ্বের অন্যতম প্রাচীন শিক্ষাকেন্দ্র হিসেবে সুপরিচিত ছিল। এই বিশ্ববিদ্যালয় পঞ্চম শতাব্দীতে গুপ্ত রাজবংশ দ্বারা প্রতিষ্ঠিত হয়েছিল, যেখানে বৌদ্ধিক ভাবধারার বিশেষ প্রসার ঘটে। নালন্দা বিশ্ববিদ্যালয়ে বৌদ্ধ দর্শনের পাশাপাশি যুক্তিবিদ্যা, সংস্কৃত ব্যাকরণ, চিকিৎসা, জ্যোতির্বিদ্যা, শিল্পকলা ইত্যাদি বিষয়ে শিক্ষা প্রদান করা হত। এই শিক্ষা কেন্দ্রে ভারতবর্ষ তথা সমগ্র এশিয়া থেকে বহু শিক্ষার্থী এবং পণ্ডিতেরা জ্ঞানচর্চার উদ্দেশ্যে যাত্রা করতেন। পরবর্তীকালে দ্বাদশ শতাব্দীতে অর্থনৈতিক মন্দা, বিদেশী শত্রুদের ক্রমাগত আক্রমন, ধর্মীয় পৃষ্ঠপোষকতায় পরিবর্তন ইত্যাদি নানান কারণে এই বিশ্ববিদ্যালয়টি ক্রমশ ধ্বংসাম্মুখীন হয়। এই শতাব্দীর শেষের দিকে বখতিয়ার খিলজির নেতৃত্বে তুর্কিদের আক্রমণে এই বিশ্ববিদ্যালয়টি ধ্বংস হয়ে যায়।

Remains of Ancient Nalanda University

❖ **Taxila University (তক্ষশিলা বিশ্ববিদ্যালয়):**

তক্ষশীলা বিশ্ববিদ্যালয় বিশ্বের একটি প্রাচীন এবং শীর্ষকেন্দ্রীয় শিক্ষা প্রতিষ্ঠান যেটি বর্তমানে সিন্ধু নদীর তীরে পাকিস্তানে অবস্থিত। এই তক্ষশিলা বিশ্ববিদ্যালয় খ্রিস্টপূর্ব ৫ম শতাব্দীতে প্রতিষ্ঠিত হয় এবং বহু প্রত্নতাত্ত্বিকদের মতে এটি বিশ্বের প্রথম বিশ্ববিদ্যালয়। এই বিশ্ববিদ্যালয় মৌর্য ও গুপ্ত সাম্রাজ্যের আমলে বিশেষ খ্যাতি অর্জন করেছিল। এখানে গণিত, বৈদিক শিক্ষা, জ্যোতির্বিদ্যা, বৌদ্ধ দর্শন, রাজনীতি, বিজ্ঞান, কলা, চিকিৎসা, শিল্পকলা, হস্তীচালনা, যুদ্ধবিদ্যা, স্থাপত্যবিদ্যা, সংস্কৃত ভাষা ইত্যাদির মতো বিভিন্ন বিষয়ে শিক্ষা প্রদান করা হতো। এই বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীরা সুদূর থেকে তাদের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা সমাপ্ত করে 16 বছর বয়সে উচ্চশিক্ষার জন্য শিক্ষা গ্রহণ করতে আসতেন। এখানে ভারত ছাড়াও গ্রীস, পারস্য এবং চীন সহ বিশ্বের বিভিন্ন স্থান থেকে হাজার হাজার শিক্ষার্থী এবং পন্ডিতদের আগমন লক্ষ্য করা যায়। বিশ্ববিখ্যাত কৌটিল্য, যিনি চাণক্য নামে সুপরিচিত তিনি তাঁর বিখ্যাত গ্রন্থ অর্থশাস্ত্র তক্ষশীলাতেই রচনা করেছিলেন। পরবর্তীকালে ভারতীয় ভূখন্ডে ক্রমাগত হুন এবং পারস্য রাজাদের আক্রমণ এবং বিজয়ের ফলে এই বিশ্ববিদ্যালয়টি ধ্বংস হয়ে যায়।



Remains of Ancient Taxila University

Different Concepts of Tourism and Travel Management

- **Travel (ভ্রমণ):** যখন কোন ব্যক্তি এক স্থান থেকে অন্য স্থানে যাত্রা করেন তখন এই ধরনের কার্যকলাপকে বলা হয় ভ্রমণ। এক্ষেত্রে কোন ব্যক্তির ভ্রমণের উদ্দেশ্যে বিভিন্ন কারণ থাকতে পারে যেমন অবসর সময় যাপন, ব্যবসা-বাণিজ্য সম্পর্কিত কার্যপ্রণালী, শিক্ষামূলক ভ্রমণ, ব্যক্তিগত কারণ ইত্যাদি। উদাহরণ: রোহিত একটি ব্যবসায়িক সম্মেলনে যোগদানের জন্য মুম্বাই থেকে কলকাতায় ভ্রমণ করেন।
- **Traveller (ভ্রমণকারী):** একজন ভ্রমণকারী একটি ব্যক্তি বা একাধিক ব্যক্তির সমন্বয় যিনি বা যারা ভ্রমণে অংশগ্রহণ করেন। উদাহরণ: সীমা এবং তার পরিবার প্রতিবছর গ্রীষ্মের ছুটিতে ভারতবর্ষের উত্তরের রাজ্যগুলিতে ভ্রমণ করেন, এক্ষেত্রে সীমা এবং তার পরিবার ভ্রমণকারীর উদাহরণ।
- **Tourism (পর্যটন):** পর্যটনের ধারণাটি ভ্রমণের সাথে জড়িত, কিন্তু এক্ষেত্রে ভ্রমণকারীরা স্বল্প সময়ের জন্য তাদের স্বাভাবিক আবাসস্থল থেকে দূরে অন্য কোথাও প্রধানত অবসর এবং বিনোদন যাপনের উদ্দেশ্যে ভ্রমণ করেন। উদাহরণ: দেশ-বিদেশ থেকে লক্ষ-লক্ষ পর্যটক প্রতিবছর অবসর যাপন এবং বিনোদনের উদ্দেশ্যে তাজমহল পর্যটনে আসেন।
- **Tourist (পর্যটক):** পর্যটক হল এক বা একাধিক ব্যক্তির সমন্বয় যিনি বা যারা প্রধানত অবসর যাপন এবং বিনোদনের উদ্দেশ্যে এক স্থান থেকে অন্য স্থানে পর্যটন করেন অর্থাৎ পর্যটন শিল্পে অন্তর্গত ভ্রমণে অংশগ্রহণকারী ব্যক্তিরা হলেন পর্যটক। উদাহরণ: প্রতিবছর ভারতবর্ষের তাজমহল পরিদর্শনে দেশ-বিদেশ থেকে লক্ষ-লক্ষ পর্যটকের সমাগম দেখা যায়।
- **Excursionist:** Excursionist এক বিশেষ ধরনের ভ্রমণকারী যিনি বা যারা খুব অল্প সময়ের জন্য নিজেদের বাসস্থান থেকে স্বল্প দূরত্বে অবস্থিত কোন স্থান ভ্রমণ করেন। এক্ষেত্রে বেশিরভাগ পর্যটনকারীর ভ্রমণের মেয়াদ সাধারণত একটি দিনের বেশি হয়না এবং 24 ঘন্টার মধ্যে তারা পুনরায় নিজ বাসস্থানে ফিরে আসেন। উদাহরণস্বরূপ বলা যায়, একজন ভ্রমণ পিপাসু পর্যটক দৈনন্দিন জীবনের ব্যস্ততার মাঝে প্রায়সই অল্প সময় বের করে স্থানীয় পর্যটন আকর্ষণ গুলি ভ্রমণ করেন।
- **Inter-regional Tourism (আন্তঃ-আঞ্চলিক পর্যটন):** যখন কোন পর্যটক একটি অঞ্চল থেকে অন্য একটি অঞ্চলে অথবা একটি দেশ থেকে অন্য একটি দেশে অথবা একটি মহাদেশ থেকে অন্য একটি মহাদেশে ভ্রমণ করেন, তখন এই ধরনের পর্যটনকে আন্তঃ-আঞ্চলিক পর্যটন বলা হয়। উদাহরণঃ ভারতবর্ষ (এশিয়া মহাদেশ) থেকে বহু পর্যটক পশ্চিম ইউরোপের দেশগুলিতে (যেমন সুইজারল্যান্ড, ফ্রান্স, ইতালি, জার্মানি ইত্যাদি) আন্তঃ-আঞ্চলিক পর্যটনে অংশগ্রহণ করেন।

- **Intra-regional Tourism (অন্তঃ-আঞ্চলিক পর্যটন):** যখন পর্যটনের পরিধি একটি দেশ অথবা একটি রাজ্য অথবা একটি অঞ্চলের সীমানার মধ্যে আবদ্ধ থাকে তখন এই ধরনের পর্যটনকে অন্তঃ-আঞ্চলিক পর্যটন বলে। উদাহরণ: পশ্চিমবঙ্গের বাসিন্দারা প্রায়সই দার্জিলিংয়ের পাহাড়ি স্টেশনে ভ্রমণ করেন।
- **Inbound Tourism (অন্তর্মুখী পর্যটন):** যখন একটি দেশ বা একটি পর্যটন গন্তব্য অন্য দেশ থেকে পর্যটকদের গ্রহণ করে, তখন তাকে অন্তর্মুখী পর্যটন বলা হয়। উদাহরণঃ তাজমহল পরিদর্শনে ইউরোপীয়দের ভারত ভ্রমণ।
- **Outbound Tourism (বহির্মুখী পর্যটন):** বহির্মুখী পর্যটনের ধারণাটি অন্তর্মুখী পর্যটনের বিপরীত অবস্থা, কারণ এক্ষেত্রে একটি দেশের বাসিন্দারা অন্য আরেকটি দেশে ভ্রমণ করেন। উদাহরণ: প্যারিসের আইফেল টাওয়ার পরিদর্শনে ভারতীয়দের ইউরোপ ভ্রমণ।
- **Domestic Tourism (অভ্যন্তরীণ পর্যটন):** যখন পর্যটকেরা অবকাশ, বিনোদন, ব্যবসায়িক ক্রিয়া, শিক্ষা অর্জন ইত্যাদি নানান কারণে নিজ দেশের বিভিন্ন পর্যটন গন্তব্যগুলি ভ্রমণ করেন তখন তা অভ্যন্তরীণ পর্যটন নামে পরিচিত। এক্ষেত্রে দেশীয় পর্যটকেরা তাদের বাসস্থান, খাবার, পরিবহন এবং বিনোদন ইত্যাদি নানান পর্যটন দ্রব্যের জন্য যে ব্যয় করেন তা প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে দেশের অর্থনৈতিক উন্নয়নে বিশেষ অবদান রাখে। উদাহরণ: ভারতের দেশীয় পর্যটকদের কাশ্মীর ভ্রমণ।
- **International Tourism (আন্তর্জাতিক পর্যটন):** এই ধরনের পর্যটনে পর্যটকেরা দেশের আন্তর্জাতিক সীমানা পেরিয়ে অন্য একটি দেশে পর্যটন করেন যা বিশ্ব অর্থনীতি তথা গন্তব্য দেশগুলির অর্থনৈতিক উন্নয়নে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। উদাহরণ: ভারতীয় নাগরিকদের ইউরোপের সুইজারল্যান্ড ভ্রমণ।

Practice Questions

1. **Discuss the major forms of ancient travel in India. (5 or 10 marks)**
2. **Write down the role of ancient Taxila University and Nalanda University in educational tourism. (5+5=10 marks)**
3. **Write down the importance of Silk Route in ancient travelling. (5 marks)**
4. **Define the following concepts of tourism: (2 marks each)**
   - **Travel-Traveller**
   - **Tourism-Tourist**
   - **Excursionist**
   - **Inter-regional Tourism**
   - **Intra-regional Tourism**
   - **Inbound Tourism**
   - **Outbound Tourism**
   - **Domestic Tourism**
   - **International Tourism**
5. **Make a distinction between Inter-regional and Intra-regional Tourism; Inbound and Outbound Tourism; Domestic and International Tourism. (2 Marks each)**

Unit: II- Various forms of Tourism in Modern Era

A. Concepts of Different Forms of Tourism in the Modern Period

1. Educational Tourism (শিক্ষামূলক পর্যটন)

শিক্ষামূলক পর্যটন জ্ঞান সমৃদ্ধির এক অপরিহার্য অংশ যা শিক্ষার্থীদের শ্রেণীকক্ষের বাইরে নতুন স্থান, সংস্কৃতি, ও অভিজ্ঞতা সম্পর্কে জ্ঞান আহরণ করতে সাহায্য করে। এটি শিক্ষার্থীদের চিরাচরিত শ্রেণিকক্ষের বাইরে একটি নতুন পরিবেশে নিয়ে এসে নতুন জিজ্ঞাসা, অধ্যয়ন, এবং অভিজ্ঞানের মাধ্যমে জ্ঞানের পরিধীর বিস্তার ঘটায়। এই পর্যটনের মূল উদ্দেশ্য হল প্রত্যক্ষ অভিজ্ঞতার মাধ্যমে জ্ঞানের পরিসর বৃদ্ধি করা। এই পর্যটনের দ্বারা শিক্ষার্থীরা নতুন জ্ঞান, দক্ষতা, ও দলবদ্ধ ভাবে কাজ করার অভিজ্ঞতা অর্জন করে। তাদের মধ্যে শিক্ষার উন্নতি ঘটে, সামাজিক ও মানসিক বিকাশের উন্নতি ঘটে, এবং পাঠ্যসূচির বাইরে বাস্তব পরিবেশের সাথে পরিচিতি হয়। এর মাধ্যমে শিক্ষার ক্ষেত্রে আগ্রহ ও উদ্যম উন্মোচিত হয়; যা তাদের জ্ঞানের পরিধিকে আরও বিস্তার করতে সাহায্য করে।

এই শিক্ষামূলক পর্যটন আবার শিক্ষার্থীদের পরিকাঠামোগত শিক্ষা অর্জনের উদ্দেশ্যও লক্ষ্য করা যায়; যেমন প্রাচীন ভারতের নালন্দা, তক্ষশীলা, উজ্জয়নী ইত্যাদি বিশ্ববিদ্যালয়গুলিতে দেশ-বিদেশ থেকে বহু শিক্ষার্থীরা শিক্ষামূলক পর্যটনে অংশ গ্রহণ করতেন। বর্তমান সময়ে ভারত থেকে বহু শিক্ষার্থী আমেরিকা ও ইউরোপের বিখ্যাত হার্ভার্ড, স্ট্যানফোর্ড, অক্সফোর্ড, কেমব্রিজ, কলাম্বিয়া, ক্যালিফোর্নিয়া, পেনসিলভানিয়া ইত্যাদি বিশ্ববিদ্যালয়গুলিতে শিক্ষা অর্জনের উদ্দেশ্য ভ্রমণ করেন।

চিরাচরিত শিক্ষামূলক পর্যটনের উদাহরণ: সুন্দরবন উপকূলীয় অঞ্চলে শিক্ষামূলক পর্যটন শিক্ষার্থীদের পাঠ্য বই থেকে অর্জিত জ্ঞানের সাথে সেই অঞ্চলের প্রাকৃতিক পরিবেশ সম্পর্কে বাস্তব অভিজ্ঞতার দ্বারা প্রত্যক্ষ জ্ঞান অর্জনে সাহায্য করে।

শিক্ষামূলক পর্যটনের উপকারিতা:

i. পাঠ্যপুস্তক ধারণাগত জ্ঞান প্রদান করে কিন্তু প্রত্যক্ষ অভিজ্ঞতা প্রদান করতে পারে না, যা শিক্ষার মূল উদ্দেশ্য অর্জনে অসুবিধা সৃষ্টি করতে পারে। অন্যদিকে শিক্ষামূলক পর্যটন একটি আকর্ষণীয় পদ্ধতিতে পঠনপাঠনের বিষয়গুলি শিখতে সাহায্য করে যেখানে শিক্ষার্থীরা প্রত্যক্ষ অনুশীলনের দ্বারা হাতে-কলমে জ্ঞান অর্জন করে।

ii. এটির যেমন বিনোদন মূল্য রয়েছে তেমনই এটি শিক্ষাকে আনন্দদায়ক করে তোলে।

iii. এটি শিক্ষার্থীদের বাইরের বিশ্বের সাথে যোগাযোগ স্থাপনে সহায়তা করে।

iv. এটি পাঠ্যক্রমের বিষয়বস্তুর প্রতি আগ্রহ তৈরি করে ও স্পষ্ট জ্ঞান অর্জনে সহায়তা করে।

v. এটি শিক্ষার্থীদের দলবদ্ধ ভাবে কাজ করার মানসিকতা গড়ে তোলে।

vi. এটি শিক্ষার্থীদের মধ্যে বৈজ্ঞানিক মনোভাবের বিকাশ ঘটায়।

2. Business Tourism (ব্যবসায়িক পর্যটন)

ব্যবসায়িক পর্যটন ভ্রমণের এক বিশেষ রূপ যেখানে পর্যটকেরা এক স্থান থেকে অন্য স্থানে ব্যবসায়িক চুক্তি, আলোচনা, ও সম্মেলনের উদ্দেশ্যে ভ্রমণ করেন। এক্ষেত্রে ব্যবসায়িক পর্যটকরা ব্যবসা-বাণিজ্যের উন্নতির জন্য এক দেশ থেকে অন্য দেশে অথবা দেশের অভ্যন্তরে বিভিন্ন স্থানে ভ্রমণ করেন যেখানে তারা ব্যবসায়িক কার্যক্রম গ্রহণের সাথে সাথে আবসর-বিনোদনেও অংশ গ্রহন করেন। অন্যান্য পর্যটনের তুলনায় ব্যবসায়িক পর্যটনে পর্যটকের সংখ্যা অনেক সীমিত থাকে, কিন্তু গবেষণায় দেখা গেছে যে ব্যবসায়িক ভ্রমণকারীরা তাদের ভ্রমণের সময় অন্য যেকোনো পর্যটকদের তুলনায় চারগুণ বেশি অর্থ খরচ করেন। ব্যবসায়িক পর্যটন কোন দেশের অর্থনীতির সাথে গভীর ভাবে সম্পর্কিত কারণ এক্ষেত্রে বিভিন্ন দেশের মধ্যে ব্যবসায়িক নীতি গ্রহণের মাধ্যমে দেশগুলির মধ্যে আন্তর্জাতিক বাণিজ্যের পথ সুগম হয় যা দেশগুলির অর্থনৈতিক উন্নয়নে সাহায্য করে। এই পর্যটন উন্নত পরিকাঠামো এবং পরিবহন ব্যবস্থার (বিমানপথ, রেলপথ, সড়কপথ) পাশাপাশি আতিথেয়তা শিল্পকেও সমর্থন করে, যেমন হোটেল বুকিং এবং রেস্টুরেন্ট বুকিং

যা পর্যটনের অন্যান্য উন্নয়নের পাশাপাশি স্থানীয় জনগণকেও উপকৃত করে। বিশ্বব্যাপী শীর্ষ দশটি ব্যবসায়িক পর্যটন গন্তব্য শহরগুলি হল নিউইয়র্ক, লন্ডন, প্যারিশ, সাংহাই, টরন্টো, সিঙ্গাপুর, সান-ফ্রান্সিসকো, হংকং, টোকিও, এবং শীকাগো যেগুলি বছরের অধিকাংশ সময় ব্যবসায়িক পর্যটনে ব্যস্ত থাকে। এই পর্যটন ব্যবস্থা স্থানীয় এবং বিশ্ব অর্থনীতিতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে।

ব্যবসায়িক পর্যটনের কার্যক্রমকে বেশ কয়েকটি ভাগে ভাগ করা যায়, এদের মধ্যে প্রধান চারটি কার্যক্রম নীচে আলোচনা করা হলো;

- **প্রদর্শন (Exhibition/Event):** ব্যবসায়িক ভ্রমণকারীরা আন্তর্জাতিক প্রদর্শনীতে যোগদানের উদ্দেশ্যে ভ্রমণ করতে পারেন, যেখানে জিনিসপত্র বেচা-কেনার জন্য প্রদর্শনী শিল্পের আয়োজন করা হয়। এই প্রদর্শনী শিল্প দুই ধরনের গোষ্ঠী নিয়ে গঠিত যেখানে একদল ভ্রমণকারী জিনিসপত্র বিক্রি করার জন্য অন্যদের উৎসাহিত করেন এবং অন্যদল ভ্রমণকারী জিনিসপত্র কেনাকাটার লক্ষ্যে উপস্থিত হন। এইভাবে প্রদর্শনীগুলি ব্যবসার জন্য আন্তর্জাতিক শিল্প সম্প্রদায়ের সাথে সংযোগ স্থাপন করে থাকে। উদাহরনঃ Art gallery, museum etc.
- **আলোচনা বৈঠক (Meetings):** ব্যবসায়িক পর্যটনের একটি অন্যতম কার্যক্রম হলো পরপস্পর মুখোমুখি বৈঠকের আয়োজন, যেখানে ব্যবসায়িক অংশীদারেরা বিভিন্ন স্থানে মুখোমুখি বৈঠকের মাধমে ব্যবসা সম্পর্কিত অনেক গুরত্বপূর্ণ আলোচনা ও নীতি গ্রহন করে থাকেন। উদাহরনঃ financial seminar, board meetings for corporate groups etc.
- **সম্মেলন (Conference/Convention):** সম্মেলন হলো আলোচনা বৈঠকের বৃহৎ রুপ যা একাধিক দেশের মধ্যে একদিন বা একদিনের বেশি সময় ধরে চলতে থাকে। বিশ্বব্যাপী সম্মেলনের প্রাথমিক গন্তব্যগুলি হলো প্যারিস, লন্ডন, মাদ্রিদ, জেনেভা, ব্রাসেলস, ওয়াশিংটন, নিউ ইয়র্ক, সিডনি এবং সিঙ্গাপুর ইত্যাদি। ঊদাহরনঃ Asia Pacific Economic Co-operation (APEC), Conference of the Parties (COP10) etc.
- **প্রণোদনামুলক ভ্রমন (Incentive Travel):** প্রণোদনামূলক ভ্রমণ ব্যবসায়িক কর্মচারীদের উৎসাহিত, অনুপ্রাণিত, ও পুরস্কৃত করার জন্য আয়োজন করা হয়। উদাহরনঃ awarding giving ceremony or travel incentive to high performing employees.

ব্যবসায়িক পর্যটনের মিটিং (**M**eeting), ইনসেনটিভ (**I**ncentive), সম্মেলন (**C**onference) এবং প্রদর্শনীকে (**E**xhibition) সংক্ষেপে **MICE** বলা হয় যা **MICE Tourism** নামেও সুপরিচিত।

3. Sports Tourism (ক্রীড়া পর্যটন)

ক্রীড়া পর্যটন হল এক ধরনের বিশেষ পর্যটন ক্রিয়াকলাপ যেখানে পর্যটকেরা একস্থান থেকে অন্য স্থানে ভ্রমণ করেন সাধারণত কোন প্রতিযোগিতামূলক ক্রিয়ায় অংশগ্রহণ করার জন্য অথবা ক্রীড়া পর্যবেক্ষণের দ্বারা ভ্রমণ অভিজ্ঞতা অর্জনের জন্য। এই ধরনের পর্যটন বিভিন্ন সংস্কৃতির অভিজ্ঞতা অর্জন এবং স্মরণীয় স্মৃতি তৈরি করার সাথে সাথে নিজেকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ রাখার একটি অনন্য উপায় সরবরাহ করে। ক্রীড়া পর্যটন একটি দ্রুত বর্ধনশীল শিল্প যা ভ্রমণকারী এবং গন্তব্য স্থান উভয়ের জন্য বিস্তৃত সুবিধা প্রদান করে। এই ক্রীড়া পর্যটনের শীর্ষস্থানীয় গন্তব্যগুলির মধ্যে একটি হল স্পেনের বার্সেলোনা শহর যেটি ফুটবল খেলার জন্য অত্যন্ত জনপ্রিয়। ফুটবল প্রেমীদের কাছে এই পর্যটন গন্তব্য একটি স্বপ্নের শহর যেখানে তারা প্রায়শই ভ্রমণ করতে চান। এছাড়াও ক্রীড়া পর্যটনের অন্যান্য জনপ্রিয় উদাহরণগুলি হল অলিম্পিক গেমস, ফিফা বিশ্বকাপ, এবং ক্রিকেট বিশ্বকাপ ইত্যাদি।

ক্রীড়া পর্যটনের গুরুত্বঃ

ক্রীড়া পর্যটন ভ্রমণকারী এবং গন্তব্য স্থান উভয়ের জন্য অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। নিম্নে ক্রীড়া পর্যটনের কিছু গুরুত্বপূর্ণ প্রভাব আলোচনা করা হল;

- **অর্থনৈতিক প্রভাব:** ক্রীড়া পর্যটন গন্তব্য স্থানের উপর একটি উল্লেখযোগ্য অর্থনৈতিক প্রভাব ফেলে। এই পর্যটনে ক্রীড়া ক্ষেত্র ছাড়াও পর্যটন-সম্পর্কিত অন্যান্য আনুষঙ্গিক ক্রিয়াকলাপ যেমন আবাসন ব্যবস্থাপনা, খাবার সরবরাহ, পরিবহন পরিষেবা, এবং বিনোদন ব্যবস্থা ইত্যাদি নানান ক্ষেত্র থেকে আর্থিক উপার্জনের পরিকাঠামো তৈরি হয় যা পর্যটন গন্তব্যগুলির অর্থনৈতিক উন্নয়নের পাশাপাশি স্থানীয় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে।

• **সাংস্কৃতিক বিনিময়:** ক্রীড়া পর্যটন ভ্রমণকারীদের নতুন সংস্কৃতির অভিজ্ঞতা অর্জনে এবং পর্যটন গন্তব্যের স্থানীয় রীতিনীতি ও ঐতিহ্যে অংশগ্রহণের সুযোগ প্রদান করে। এটি বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সাংস্কৃতিক বোঝাপড়া এবং উপলব্ধি গঠনে সহায়তা করে।

• **কমিউনিটি বিল্ডিং:** এই পর্যটনে বিভিন্ন শ্রেণীর মানুষ একত্রিত হয়ে নিজ নিজ সম্প্রদায়ের ক্রীড়া ইভেন্টকে সমর্থন করেন যা তাদের মধ্যে গর্বের অনুভূতি তৈরি করে ও সাংস্কৃতিক ঐতিহ্য উদযাপনে সাহায্য করে।

• **পরিবেশ সংরক্ষণ:** অনেক ক্রীড়া পর্যটনে প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণমূলক বহু কার্যক্রমের প্রচার ও পরিকল্পনা সংগৃহীত হয় যা পরিবেশ সংরক্ষণ, প্রাকৃতিক সম্পদ রক্ষা, ও স্থিতিশীল উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করে।

4. Pilgrimage Tourism (তীর্থস্থান পর্যটন)

তীর্থস্থান পর্যটন মূলত তীর্থস্থান পরিদর্শনের প্রক্রিয়া যা সম্পূর্ণ বা শক্তিশালীভাবে পর্যটকদের ধর্মীয় মনোভাব এবং প্রশান্তি অর্জনের জন্য অনুপ্রাণিত করে। ভারতে চার ধাম (অর্থাৎ চারটি আবাস) হল অন্যতম চারটি ধর্মীয় পর্যটন স্থান যেখানে প্রত্যেক হিন্দু ধর্ম অবলম্বনকারী মানুষেরা তাদের জীবদ্দশায় অন্তত একবার হলেও যাত্রা করার চেষ্টা করেন। এই চার ধামগুলি হল বদ্রীনাথ, দ্বারকা, পুরী, এবং রামেশ্বরম এবং এগুলি ভারতে সবচেয়ে বেশি পরিদর্শন করা তীর্থস্থান। এই চার ধাম ছাড়াও উত্তরাখণ্ড রাজ্য তীর্থযাত্রীদের কাছে খুব পবিত্র স্থান যেটি দেবভূমি নামে পরিচিত। এছাড়াও ভারতে বারাণসী, যমুনোত্রী, কেদারনাথ মন্দির, বৈষ্ণোদেবী মন্দির এবং অমৃতসর হল শীর্ষ বিখ্যাত তীর্থস্থান। এই তীর্থস্থান পর্যটনের কিছু মৌলিক উদ্দেশ্য নীচে উল্লেখ করা হল;

- উপাসনা হিসাবে তীর্থযাত্রা করা;
- কৃতজ্ঞতা প্রকাশ করা, পাপ স্বীকার করা, এবং ব্রত পালন করা;
- সামাজিক এবং আধ্যাত্মিক পরিত্রাণ অর্জন করা; এবং
- কিছু ধর্মীয় অনুষ্ঠানকে স্মরণ করা এবং উদযাপন করা ইত্যাদি।

***PRASHAD Scheme*:** পর্যটন মন্ত্রক 2014-15 সালে স্বীকৃত তীর্থস্থানগুলিকে সামগ্রিকভাবে বিকাশের লক্ষ্যে "National Mission on Pilgrimage Rejuvenation and Spiritual Augmentation Drive (PRASAD)" চালু করেণ, যা **PRASAD Scheme** নামে পরিচিত। পরবর্তীকালে ২০১৭ সালে এই প্রোগ্রামটির নাম, যা পূর্বে PRASAD ছিল, তা পরিবর্তন করে "National Mission on Pilgrimage Rejuvenation and Spiritual Heritage Augmentation Drive (PRASHAD)" রাখা হয়। এই স্কিমটি ধর্মীয় পর্যটনের অভিজ্ঞতাকে সমৃদ্ধ করার জন্য সমগ্র ভারত জুড়ে তীর্থস্থানগুলির বিকাশ এবং শনাক্তকরণের উপর দৃষ্টি নিবদ্ধ করে।

5. Cultural Tourism (সাংস্কৃতিক পর্যটন)

যখন পর্যটকেরা সাংস্কৃতিক আগ্রহের জন্য এক স্থান থেকে অন্য স্থানে পর্যটন করেন তখন তা সাংস্কৃতিক পর্যটন নামে পরিচিত। এক্ষেত্রে পর্যটকেরা নতুন স্থানের বিভিন্ন সাংস্কৃতিক বৈশিষ্ট্য যেমন ঐতিহ্যময় ঐতিহাসিক সংস্কৃতি, ভাষা, খাদ্যভাস, সঙ্গীত, ও নৃত্যকলা ইত্যাদি বিষয় সম্পর্কে জ্ঞান এবং অভিজ্ঞতা অর্জন করার ইচ্ছায় পর্যটন করেন। এই সাংস্কৃতিক পর্যটন নিম্নরূপ বিষয়গুলিকে ঘিরে হতে পারে;

- ঐতিহ্যবাহী স্থান, প্রত্নতাত্বিক স্থান, স্মৃতিস্তম্ভ, এবং জাদুঘর;
- স্থাপত্য (ধ্বংসাবশেষ, বিখ্যাত ভবন);
- শিল্প, ভাস্কর্য, কারুশিল্প, গ্যালারী, উৎসব, অনুষ্ঠান;
- সঙ্গীত এবং নৃত্য (শাস্ত্রীয়, লোকজ, সমসাময়িক);
- নাটক (থিয়েটার, চলচ্চিত্র, নাট্যকার);
- ভাষা এবং সাহিত্য অধ্যয়ন, সফর, ঘটনা;
- সাংস্কৃতিক কার্যক্রম (উৎসব, অনুষ্ঠান উদযাপন, আচার অনুষ্ঠান,); এবং
- ধর্মীয় উৎসব, তীর্থযাত্রা ইত্যাদি।

ভারতবর্ষের সাংস্কৃতিক পর্যটনঃ

ভারতবর্ষ পৃথিবীর অন্যতম সাংস্কৃতিক পীঠস্থান যেখানে যুগ যুগ ধরে বহু বৈচিত্র্যময় সংস্কৃতির বিকাশ ঘটেছে। এই দেশে বিশ্বের অনেক ঐতিহ্যময় সাংস্কৃতিক স্মৃতি স্তম্ভ রয়েছে যেগুলি দেশ-বিদেশ থেকে বহু পর্যটকদের আকর্ষণ করে। ভারতে এরকম কয়েকটি বিখ্যাত সাংস্কৃতিক পর্যটন গন্তব্যগুলি নিম্নরূপ;

- পুষ্কর মেলা (রাজস্থান);
- তাজ মহোৎসব (উত্তরপ্রদেশ);
- সুরজ কুন্ড মেলা (হরিয়ানা);
- তাজমহল (উত্তরপ্রদেশ);
- হাওয়া মহল (উত্তরপ্রদেশ);
- হাম্পি মন্দির (কর্নাটক);
- অজন্তা ও ইলোরার গুহা (মহারাষ্ট্র), এবং
- মহাবালিপুরম মন্দির (তামিলনাড়ু) ইত্যাদি।

6. Medical Tourism (চিকিৎসা পর্যটন)

যখন মানুষ দেশের অভ্যন্তরে এক স্থান থেকে অন্য স্থানে বা এক দেশ থেকে অন্য দেশে চিকিৎসার জন্য পর্যটন করেন, তখন তা মেডিক্যাল ট্যুরিজম বা চিকিৎসা পর্যটন নামে পরিচিত। সম্প্রতিকালে এই চিকিৎসা পর্যটন বিশ্বজুড়ে অত্যন্ত জনপ্রিয় হয়ে উঠেছে। কয়েক দশক আগে পৃথিবীর উন্নয়নশীল দেশগুলি থেকে বহু মানুষ উন্নত দেশগুলির প্রধান চিকিৎসা কেন্দ্র গুলিতে পর্যটন করতেন চিকিৎসার জন্য। কিন্তু সম্প্রতিকালে পৃথিবীর উন্নত দেশগুলি উন্নয়নশীল দেশগুলিতে কম খরচে চিকিৎসা পরিষেবার জন্য এই ধরনের পর্যটনে অংশগ্রহণ করেন। বর্তমানে সমগ্র বিশ্বে চিকিৎসা পর্যটনে ভারত একটি অন্যতম গন্তব্য কারণ এখানে সাশ্রয়ী মূল্যে উচ্চমানের স্বাস্থ্যসেবা ও চিকিৎসা সংক্রান্ত নানান পরিষেবা প্রদান করা হয়। পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে বহু মানুষ

চিকিৎসা, রোগ নির্ণয়, রোগ নিরাময়, এবং অস্ত্রোপচারের জন্য এই দেশে আসেন। এই প্রসঙ্গে **চেন্নাই** শহরকে **'ভারতের স্বাস্থ্যের রাজধানী'** হিসাবে অভিহিত করা হয় কারণ এই শহরটি দেশে আগত বিদেশী স্বাস্থ্য পর্যটকদের প্রায় 45 শতাংশ এবং দেশের প্রায় 30 থেকে 40 শতাংশ স্বাস্থ্য পর্যটকদের আকর্ষণ করে। চেন্নাই শহরের পাশাপাশি ব্যাঙ্গালোর, চন্ডিগড়, দিল্লি, গুরুগ্রাম, ফরিদাবাদ, জয়পুর, কেরালা, কলকাতা, এবং মুম্বাই ভারতের অন্যান্য জনপ্রিয় চিকিৎসা পর্যটন কেন্দ্র। নিম্নলিখিত কারণ গুলির জন্য ভারতের চিকিৎসা পর্যটন বিশেষ জনপ্রিয়তা অর্জন করেছে;

- **প্রথমত,** ভারতের এই সমস্থ চিকিৎসা কেন্দ্র গুলিতে কর্মরত বেশিরভাগ ডাক্তার এবং সার্জেনরা সুপ্রশিক্ষিত এবং এদের মধ্যে বেশিরভাগই বিশ্বের উন্নত দেশগুলির (যেমন মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপ) চিকিৎসা কেন্দ্রে কাজ করেছেন অথবা প্রশিক্ষণ অর্জন করেছেন।

- **দ্বিতীয়ত**, এখানকার বেশিরভাগ ডাক্তাররা এবং নার্সরা ইংরেজি ভাষায় কথা বলতে সাবলীল তাই বিদেশ থেকে যখন কোন পর্যটক চিকিৎসার জন্য আসেন, তাদের ভাষা সংক্রান্ত কোন জটিলতার সম্মুখীন হতে হয় না। এছাড়াও দেশের অভ্যন্তরে বিভিন্ন স্থান থেকে আগত মানুষদের জন্য পরিচিত ভাষায় চিকিৎসা সংক্রান্ত নানান পরিষেবা প্রদান করা হয়।

- **তৃতীয়ত,** চিকিৎসা সংক্রান্ত নানান খরচা মানুষের আয়ত্তের মধ্যে রেখে উন্নত মানের আধুনিক যন্ত্রপাতির ব্যবহার করা হয়।

7. Wellness Tourism (সুস্থ্যতা পর্যটন)

সুস্থ্যতা পর্যটন এক ধরনের স্বেচ্ছাসেবী ভ্রমণ যেখানে পর্যটকেরা বিভিন্ন শারীরিক, মানসিক বা আধ্যাত্মিক ক্রিয়াকলাপের মাধ্যমে স্বাস্থ্য এবং সুস্থতার প্রচারের উদ্দেশ্যে বিশ্বের বিভিন্ন গন্তব্যে ভ্রমণ করেন। এই পর্যটনের লক্ষ্য হল দৈনন্দিন মানসিক চাপের মাত্রা নিয়ন্ত্রণ করে স্বাস্থ্যকর জীবনযাত্রার কৌশল প্রচার করা।এই ধরনের পর্যটনে মার্কিন যুক্তরাষ্ট্র, জার্মানি, জাপান, ফ্রান্স এবং অস্ট্রিয়া বেশ এগিয়ে। এই শীর্ষক পাঁচটি দেশের মধ্যে সুস্থতা পর্যটনে আমেরিকা সবার শীর্ষে কারণ 2022 সালের হিসাব অনুযায়ী বিশ্বব্যাপী সুস্থতা পর্যটনের মোট আয়ের প্রায় 40 শতাংশেরও বেশি অংশীদার এই দেশ। বর্তমানে সুস্থ্যতা পর্যটনে ভারতও একটি অন্যতম জনপ্রিয় গন্তব্য হয়ে উঠেছে যেখানে

বহু পর্যটকেরা যোগব্যায়াম, আয়ুর্বেদ এবং অন্যান্য ঐতিহ্যগত সুস্থ্যতা কৌশল অনুশীলনের উদ্দেশ্যে পর্যটন করেন। এই সুস্থতা পর্যটনের জনপ্রিয় চারটি প্রকারভেদ নিচে আলোচনা করা হল;

- **যোগব্যায়াম:** যোগব্যায়াম অনুশীলনের দ্বারা স্বাস্থ্যের অনেক উপকারিতা রয়েছে কারণ এটি মানসিক চিন্তা ও বিভিন্ন সমস্যা নিয়ন্ত্রণ করে মানসিক স্বাস্থ্যকে সুন্দর করে তোলে। এছাড়াও এটি স্বাস্থ্যকর খাবার খেতে, ওজন হ্রাস করতে, সঠিকভাবে ঘুম নিয়ন্ত্রণ করতে, এবং মননশীলতা বাড়াতে বিশেষভাবে সাহায্যকারী।



- **রন্ধনসম্পর্কীয় অনুশীলন:** শারীরিক ও মানসিকভাবে সুস্বাস্থ্য অর্জনের অন্যতম একটি নিয়ন্ত্রক হল সঠিক খাদ্যাভ্যাস। এই ধরনের পর্যটনে পর্যটকেরা স্থানীয় রন্ধন প্রণালী সম্পর্কে অনুশীলন করেন এবং কিভাবে এটি সুস্বাস্থ্যের জন্য ব্যবহার করা যেতে পারে সে সম্পর্কে জ্ঞান আরোহন করেন।
- **আয়ুর্বেদ:** আয়ুর্বেদ হল ভারতের একটি জনপ্রিয় চিকিৎসা পদ্ধতি যা প্রায় 5000 বছরেরও বেশি পুরাতন। আয়ুর্বেদ মূলত বিভিন্ন ভেষজ প্রতিকার এবং যোগব্যায়ামের মাধ্যমে শরীর এবং মনের ভারসাম্য পুনরুদ্ধারের চেষ্টা করে।
- **ইকোট্যুরিজম:** ইকোটুরিজম এক ধরনের পরিবেশবান্ধব ট্যুরিজম যেখানে পরিবেশের কোন ক্ষতি না করে পর্যটন ব্যবস্থা পরিচালনা করা হয়। এক্ষেত্রে পর্যটকেরা প্রাকৃতিক পরিবেশের সৌন্দর্য উপলব্ধি করে মানসিক প্রশান্তি লাভ করে।

8. Adventure Tourism (দুঃসাহসিক পর্যটন)

অ্যাডভেঞ্চার ট্যুরিজম বা **দুঃসাহসিক পর্যটন** হল পর্যটন শিল্পের নতুন একটি ধারণা যেখানে পর্যটকেরা এক স্থান থেকে অন্য স্থানে বিভিন্ন দুঃসাহসিক ক্রিয়াকলাপে অংশগ্রহণের জন্য পর্যটন করেন। ভারতবর্ষে দুঃসাহসিক পর্যটনের বিভিন্ন ধরনের ক্রিয়াকলাপ লক্ষ্য করা যায় যেমন জম্মু কাশ্মীরের *Heli-Skiing,* লাদাখের *Paragliding,* ঋষিকেশের *White Water Rafting,* আন্দামান-নিকোবর দ্বীপপুঞ্জের *Scuba Diving,* সিকিমের *Mountain Biking,* এবং কেরালার *Windsurfing* ইত্যাদি। এই **দুঃসাহসিক পর্যটনকে** বিপদসীমার ঝুঁকি অনুযায়ী দুটি শ্রেণীতে ভাগ করা হয়, যথাঃ কঠিন দুঃসাহসিক পর্যটন **(Hard Adventure Tourism)** এবং নমনীয় দুঃসাহসিক পর্যটন (**Soft Adventure Tourism**)। নিচে এই দুই ধরনের দুঃসাহসিক পর্যটন সম্পর্কে আলোচনা করা হল;

কঠিন দুঃসাহসিক পর্যটন (Hard Adventure Tourism)

কঠিন দুঃসাহসিক পর্যটনে ঝুঁকির মাত্রা অত্যন্ত বেশি এবং এটি খুবই বিপজ্জনক। এই ধরনের পর্যটনে সঠিক দক্ষতা এবং অভিজ্ঞতার প্রয়োজন হয়। এই ধরনের পর্যটনে পর্যটকেরা প্রায়শই গুরুতর আঘাত এবং অনেক ক্ষেত্রে মৃত্যুরও সম্মুখীন হন। এই ধরনের দুঃসাহসিক পর্যটন কার্যক্রমের মধ্যে রয়েছে গুহা ও পর্বত আরোহণ, রক ক্লাইম্বিং, আইস ক্লাইম্বিং, ট্রেকিং, এবং স্কাই ডাইভিং ইত্যাদি।

নমনীয় দুঃসাহসিক পর্যটন (Soft Adventure Tourism)

নমনীয় দুঃসাহসী পর্যটনের ঝুঁকির মাত্রা তুলনামূলকভাবে কম এবং এটি কম বিপজ্জনক। এই কার্যক্রমগুলি বেশিরভাগই পেশাদার গাইড দ্বারা পরিচালিত হয়। এই ধরনের পর্যটনের ন্যূনতম দক্ষতার প্রয়োজন হয়। কঠিন দুঃসাহসিক পর্যটনের তুলনায় এই পর্যটন কম বিপজ্জনক এবং কম ঝুঁকিপূর্ণ, তাই এটি অনেক জনপ্রিয় এবং বহু সংখ্যক মানুষ এই ধরনের পর্যটনে অংশগ্রহণ করেন।

ব্যাকপ্যাকিং, ক্যাম্পিং, ইকো-ট্যুরিজম, ফিশিং, হাইকিং, ঘোড়ায় চড়া, শিকার, সাফারি, স্কুবা ডাইভিং, স্কিইং, স্নোবোর্ডিং, এবং সার্ফিং ইত্যাদি নানান ক্রিয়া-কলাপ এই ধরনের পর্যটনের অন্তর্গত।

9. Wildlife Tourism (বন্যপ্রাণী পর্যটন)

বন্যপ্রাণী পর্যটনে পর্যটকেরা এক স্থান থেকে অন্য স্থানে বিশেষত কোন প্রাকৃতিক পরিবেশে বা কোন সংরক্ষিত এলাকায় বন্য প্রাণী পর্যবেক্ষণের উদ্দেশ্যে ভ্রমণ করেন। এই ধরনের পর্যটন সাধারণত প্রাকৃতিক পরিবেশের কোন সংরক্ষিত এলাকায় অথবা মনুষ্যসৃষ্ট কোনো সুরক্ষিত এলাকায় দেখা যায়, যেমন অভয়ারণ্য, জাতীয় উদ্যান, সংরক্ষিত বনভূমি, চিড়িয়াখানা ইত্যাদি। এক্ষেত্রে বন্যপ্রাণী পর্যবেক্ষণ এবং তাদের আবাসস্থল দেখার জন্য পর্যটকেরা ইকো-ট্যুরিজম, জঙ্গল সাফারি, পর্বত আরোহন ইত্যাদিতে প্রক্রিয়াগুলিতে অংশগ্রহণ করেন। এই ধরনের পর্যটন থেকে উৎপন্ন রাজস্ব বন্যপ্রাণীর জীববৈচিত্র সংরক্ষণ, আবাসস্থল পুনর্গঠন ইত্যাদি নানান কর্মসূচিতে ব্যবহার করা হয়। বন্যপ্রাণী পর্যটনের একটি অন্যতম জনপ্রিয় পদ্ধতি হল জঙ্গল সাফারি যেখানে ভ্রমণকারীরা পায়ে হেঁটে অথবা কোন প্রাণীর (হাতি, উট, ঘোড়া) পিঠে চড়ে অথবা কোন গাড়িতে চড়ে বিশেষ সংরক্ষণ এলাকা এবং জাতীয় উদ্যান পর্যবেক্ষণ করেন বন্যপ্রাণী দেখার জন্য। ভারতে বন্যপ্রাণী পর্যটনের অন্যতম গন্তব্য গুলি হল;

- উত্তরাখণ্ডের জিম করবেট জাতীয় উদ্যান;
- রাজস্থানের রণথম্ভোর জাতীয় উদ্যান;
- আসামের কাজিরাঙ্গা জাতীয় উদ্যান;
- মধ্যপ্রদেশের বান্ধবগড় জাতীয় উদ্যান;
- মধ্যপ্রদেশের পান্না জাতীয় উদ্যান;

- মধ্যপ্রদেশের কানহা জাতীয় উদ্যান; এবং
- পশ্চিমবঙ্গের জলদাপাড়া জাতীয় উদ্যান ইত্যাদি।

বন্যপ্রাণী পর্যটনের ইতিবাচক প্রভাবঃ

- **শিক্ষা ও সচেতনতাঃ** বন্যপ্রাণী সংরক্ষণ বা প্রাণী কল্যাণের মাধ্যমে সমাজে সচেতনতা বৃদ্ধি পায়।
- **আর্থিক অবদানঃ** যেমন প্রবেশ ফি, ভিজিটর ফি, এবং অপারেটর লাইসেন্সিং ফি ইত্যাদির মাধ্যমে সরকারি সংস্থাগুলোর আয়ের সুবিধা থাকে।
- **সংরক্ষণ প্রণোদনাঃ** বন্যপ্রাণী সংরক্ষণের জন্য বিভিন্ন আর্থিক প্রণোদনা যেমন প্রাকৃতিক আবাসস্থল পুনরুদ্ধার, সুরক্ষিত এলাকা সৃষ্টি, এবং ভূমি ব্যবস্থাপনা ইত্যাদি নানান প্রয়াস জীববৈচিত্র সংরক্ষণে বিশেষ ভুমিকা পালন করে।

বন্যপ্রাণী পর্যটনের নেতিবাচক প্রভাবঃ

- বন্যপ্রাণী পর্যটন বন্যপ্রাণীদের ওপর তিনটি প্রধান দিক দিয়ে বিরূপ প্রভাব ফেলতে পারে যেমন **প্রথমত**, মানুষের কর্মকাণ্ডের জন্য তাদের স্বাভাবিক আচরণে পরিবর্তন আসতে পারে, **দ্বিতীয়ত**, তাদের শারীরবৃত্তীয় পরিবর্তন আসতে পারে, এবং **তৃতীয়ত**, পরিবেশ দূষণ ও বিভিন্ন অনৈতিক ক্রিয়াকর্মের ফলে তাদের আবাসস্থলের ক্ষতি হতে পারে।
- **মানব-বন্যপ্রাণী সংঘাত (Human-Wildlife Conflict):** বন্যপ্রাণী পর্যটনের একটি অন্যতম ঝুঁকিপূর্ণ দিক হল মানব-বন্যপ্রাণী সংঘাত। এক্ষেত্রে পর্যটকদের সাথে বন্যপ্রাণীর সংঘাতের ফলে অনেক নেতিবাচক প্রভাব দেখা যায়। যেমনঃ বাসস্থানের ক্ষয়ক্ষতি, সম্পত্তির ক্ষয়ক্ষতি, বন্যপ্রাণী এবং পর্যটকদের গুরুতর জখম এমনকি মৃত্যুও হতে পারে।

10. Nature Tourism (প্রকৃতি পর্যটন)

প্রকৃতি পর্যটন প্রাকৃতিক এলাকায় একটি দায়িত্বশীল ভ্রমণ, যা প্রাকৃতিক পরিবেশ সংরক্ষণের সাথে সাথে সেই স্থানের সাধারণ মানুষদের কল্যাণে প্রতিশ্রুতিবদ্ধ থাকে। এই ধরনের পর্যটন কোন একটি এলাকার প্রাকৃতিক পরিবেশের আকর্ষণের ওপর ভিত্তি করে গড়ে ওঠে। এই আকর্ষণের মধ্যে রয়েছে পৃথিবীর নানান প্রাকৃতিক সৌন্দর্য যেমন মরুভূমি, মেরু অঞ্চল, বৃষ্টি অরণ্য, বনভূমি, তৃণভূমি, পর্বত, সৈকত, জলাভূমি, গুহা, মহাসাগর, নদী ইত্যাদি এবং এই প্রাকৃতিক পরিবেশে বসবাসকারী নানান প্রাণীর (পশু, পাখি, কীটপতঙ্গ ইত্যাদি) জীবনধারা।

প্রকৃতি পর্যটন ও পর্যটকেরা প্রাকৃতিক সৌন্দর্য উপলব্ধির পাশাপাশি বিভিন্ন ধরনের কার্যকলাপে অংশগ্রহণ করেন যেমন পাখি দেখা, ফটোগ্রাফি, স্টারগেজিং, ক্যাম্পিং, হাইকিং, মাছ ধরা, এবং পার্ক পরিদর্শন ইত্যাদি। ভারতের বিখ্যাত প্রকৃতি পর্যটনের গন্তব্য গুলি হল বান্দিপুর ন্যাশনাল পার্ক (কর্নাটক), করবেট ন্যাশনাল পার্ক (উত্তরাখণ্ড), পাঞ্চেত হিল (পশ্চিমবঙ্গ), এবং সুন্দরবন (পশ্চিমবঙ্গ) ইত্যাদি।

স্থিতিশীল উন্নয়নের দৃষ্টিভঙ্গিতে এই প্রকৃতি পর্যটনের একটি অন্যতম রূপ হলো **ইকো-ট্যুরিজম** যার প্রধান বৈশিষ্ট্য গুলি নিম্নরূপঃ

- এই পর্যটন ব্যবস্থা সাধারনত প্রাকৃতিক সম্পদের কোন ক্ষয়ক্ষতি করে না;
- এটি বন্যপ্রাণী সংরক্ষণ ও পরিবেশ সংরক্ষণের জন্য বিশেষ কার্যকরী;
- এক্ষেত্রে মানুষের চেয়ে প্রাকৃতিক পরিবেশ ও বাস্তুতন্ত্র সংরক্ষণের উপর বেশি গুরুত্ব আরোপ করা হয়;
- এটি পরিবেশ সংরক্ষণের ইতিবাচক দৃষ্টিভঙ্গি প্রচার করে; এবং
- এটি পর্যটকদের মধ্যে পরিবেশ এবং বন্যপ্রাণী সম্পর্কে অভিজ্ঞতা এবং জ্ঞানের সমৃদ্ধি ঘটায় এবং সচেতনতা বৃদ্ধি করে।

11. Heritage Tourism (ঐতিহ্যস্থান পর্যটন)



হেরিটেজ ট্যুরিজম বা ঐতিহ্যস্থান পর্যটনে অংশগ্রহণকারী পর্যটকেরা কোন ঐতিহ্যবাহী স্থান, শতাব্দী প্রাচীন ঐতিহ্য স্মারক, ঐতিহ্যবাহী স্মৃতিস্তম্ভ, উদ্যান, এবং ইউনেস্কো ও বিভিন্ন প্রত্নতাত্বিক সমিতি দ্বারা স্বীকৃত তাৎপর্যপূর্ণ ঐতিহ্যময় স্থানগুলি ভ্রমণ করেন। এই ধরনের পর্যটন কোন সাংস্কৃতিক ঐতিহাসিক স্থান এবং প্রাকৃতিক পরিবেশকে ঘিরে গড়ে উঠতে পারে। এই ধরনের পর্যটনে পর্যটকেরা সাধারণত দেশের অভ্যন্তরে বা এক দেশ থেকে অন্য দেশে ঐতিহ্যবাহী স্থানগুলি পরিদর্শন করেন। দ্য ইউনাইটেড নেশনস এডুকেশনাল সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (United Nations Educational Scientific and Cultural Organization: **UNESCO**) অনুসারে, ভারতে মোট 42টি বিশ্ব ঐতিহ্যবাহী স্থান রয়েছে। এই স্থান গুলির মধ্যে 34টি সাংস্কৃতিক, সাতটি প্রাকৃতিক এবং একটি (কাঞ্চনজঙ্ঘা জাতীয় উদ্যান) মিশ্র প্রকৃতির।

UNESCO -দ্বারা স্বীকৃত ভারতের কয়েকটি বিখ্যাত সাংস্কৃতিক ঐতিহ্যবাহী স্থানগুলি নিম্নরূপ:

- আগ্রা ফোর্ট, উত্তরপ্রদেশ
- অজন্তা গুহা, মহারাষ্ট্র
- ইলোরা গুহা, মহারাষ্ট্র
- তাজমহলো, উত্তরপ্রদেশ
- কোনার্ক সূর্য মন্দির, ওড়িশা
- ফতেপুর সিক্রি, উত্তরপ্রদেশ
- শান্তিনিকেতন, পশ্চিমবঙ্গ
- কুতুব মিনার ও মনুমেন্টস, দিল্লি
- লাল কেল্লা কমপ্লেক্স, দিল্লি

UNESCO -দ্বারা স্বীকৃত ভারতের সাতটি প্রাকৃতিক ঐতিহ্যবাহী স্থান গুলি নিম্নরূপ;

- সুন্দরবন জাতীয় উদ্যান, পশ্চিমবঙ্গ
- পশ্চিমঘাট পর্বতমালা (কেরালা, তামিলনাড়ু, কর্ণাটক, গোয়া, মহারাষ্ট্র এবং গুজরাট)
- নন্দা দেবী এবং *Valley of Flowers National Parks*, উত্তরাখণ্ড
- মানস বন্যপ্রাণী সংরক্ষণ অভয়ারণ্য, আসাম
- গ্রেট হিমালয়ান ন্যাশনাল পার্ক, হিমাচল প্রদেশ
- কেওলাদেও জাতীয় উদ্যান, রাজস্থান
- কাজিরাঙ্গা জাতীয় উদ্যান, আসাম

B. Salient Features of Tourism Products

1. Tourism Products and their Classification:

পর্যটন পণ্য হল সেই সমস্ত পণ্য বা পর্যটন পরিষেবা যেগুলি পর্যটন বা ভ্রমণের সময় ব্যবহৃত হয় সাধারণত পর্যটকদের ভ্রমণ অভিজ্ঞতাকে আনন্দদায়ক এবং সুবিধাজনক করার জন্য। পর্যটন পণ্যের উদাহরণ গুলি হলঃ

- হোটেল এবং রিসোর্ট
- পর্যটন পরিবহন ব্যবস্থা
- বিভিন্ন টুর প্যাকেজ
- প্রাকৃতিক পরিবেশ
- মিউজিয়াম, ঐতিহ্যবাহী স্থান ইত্যাদি

এই পর্যটন পণ্যকে তার প্রকৃতি অনুযায়ী নিম্নলিখিত কয়েকটি শ্রেণীতে ভাগ করা যায়:

i. **প্রকৃতি ভিত্তিক পর্যটন পণ্য:** এক্ষেত্রে প্রকৃতি প্রদত্ত সম্পদ গুলি ব্যবহার করে পর্যটকদের জন্য পর্যটন পণ্য তৈরি করা হয়। উদাহরণ: পাহাড়, নদী, হ্রদ, বনভূমি এবং সমুদ্র ইত্যাদি নানান প্রাকৃতিক পরিবেশে অবস্থিত পর্যটন গন্তব্য।

ii. **মনুষ্যসৃষ্ট পর্যটন পণ্য:** এই ধরনের পর্যটন পণ্য গুলি মানুষের দ্বারা তৈরি। উদাহরণ: ঐতিহাসিক প্রাসাদ, ভবন, স্মৃতিস্তম্ভ, হোটেল ইত্যাদি।



iii. **সিমবায়োটিক পর্যটন পণ্য:** সিমবায়োটিক পর্যটন পণ্যে প্রাকৃতিক এবং মনুষ্যসৃষ্ট উভয় বৈশিষ্ট্যের সংমিশ্রণ রয়েছে। উদাহরণস্বরূপ বলা যায়, মালদ্বীপের সমুদ্রে যে অ্যাডভেঞ্চার ট্যুরিজম লক্ষ্য করা যায় তা যেমন মানুষের সৃষ্টি তেমনি এই টুরিজম ক্রিয়াকলাপস্বরূপ পরিচালিত করার জন্য প্রকৃতি প্রদত্ত সমুদ্রের উপর নির্ভরশীল হতে হয়।

iv. **সাইট বা স্থান ভিত্তিক পর্যটন পণ্য:** সাইট-ভিত্তিক পর্যটন পণ্যগুলি প্রাথমিকভাবে একটি নির্দিষ্ট স্থান বা সাইটের চারপাশে অবস্থিত। উদাহরণ: জলপ্রপাত, ঐতিহাসিক স্থান ইত্যাদি।

v. **ইভেন্ট ভিত্তিক পর্যটন পণ্য:** পর্যটকদের আকৃষ্ট করার জন্য নির্দিষ্ট গন্তব্যে ইভেন্ট ভিত্তিক পর্যটন পণ্যের আয়োজন করা হয়। এই ধরনের পর্যটন পণ্য ঐতিহ্যগত বা প্রচারমূলক প্রকৃতির হতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় ভারতের এলাহাবাদ, উজ্জয়নী, নাসিক, এবং হরিদ্বারের সংঘটিত বিখ্যাত কুম্ভমেলা একটি ইভেন্ট ভিত্তিক পর্যটন পণ্যের উদাহরণ।

2. Salient Features of Tourism Products:

- **Intangibility:** পর্যটন পণ্য বেশিরভাগ ক্ষেত্রে অধরা প্রকৃতির হয় কারণ এটি স্পর্শ করা যায়না বরং অনুভব করতে হয়। যেমন হিমালয়ের সৌন্দর্যকে স্পর্শ করা যায়না তা কেবল চাক্ষুষ পর্যবেক্ষণ দ্বারা অনুভব করা হয়।
- **Inseparability**: পর্যটন পণ্য অবিচ্ছেদ্য প্রকৃতির হয় কারণ একে পর্যটন গন্তব্য থেকে আলাদা করা যায় না। যেমন হিমালয়ের সৌন্দর্য আমরা উত্তর ভারতের রাজ্যগুলিতে গিয়েই স্বচক্ষে অনুভব করতে পারি কিন্তু হিমালয়কে সাথে নিয়ে আসতে পারিনা।



- **Heterogeneity:** পর্যটন পণ্যের অন্য একটি বৈশিষ্ট্য হল ভিন্নধর্মীতা। গবেষণায় দেখা গেছে, একই পর্যটন পণ্যের উপলব্ধি ব্যক্তি বিশেষে এবং ভিন্ন প্রকৃতিতে বিভিন্ন উপলব্ধি রয়েছে। যেমন একটি

পর্যটকের কাছে পাহাড় প্রিয় পর্যটন গন্তব্য হলেও অন্য আরেকটি পর্যটকের কাছে হয়তো পাহাড় প্রিয় পর্যটন গন্তব্য নয়।

- **Perishability:** পচনশীলতা পর্যটন পণ্যের অন্যতম একটি বৈশিষ্ট্য। এক্ষেত্রে পর্যটক যতক্ষণ পর্যটন গন্তব্যে উপস্থিত থাকেন ততক্ষণই তিনি পর্যটন পণ্য ও পরিষেবা ভোগ করতে পারেন। কিন্তু পর্যটন গন্তব্য পরিত্যাগের পর তিনি আর সেই পর্যটন পণ্য ভোগ করতে পারেননা; কারণ এক্ষেত্রে পর্যটন পণ্যের উৎপাদন এবং ব্যবহার একই সাথে হয়।
- **Ownership:** পর্যটন পণ্যের উপর পর্যটকদের কোন মালিকানা থাকে না কারণ এক্ষেত্রে তারা পর্যটন পণ্য এবং পরিষেবা ভোগের জন্য কেবলমাত্র অর্থ প্রদান করেন কিন্তু মালিকানা পাননা। উদাহরণস্বরূপ বলা যায়, একটি হোটেলের রুম বুকিং করা হলে পর্যকরা সেখানে কেবলমাত্র কয়েক দিন থাকতে পারেন কিন্তু তার মালিক হতে পারেন না।

Source: https://egyankosh.ac.in/

Practice Questions

1. **Discuss the various forms of tourism in the modern period. (10 marks)**
2. **What do you mean by tourism product? Write down the salient features of tourism products. (2+8=10 marks)**
3. **Define each form of tourism in the modern era: (2 marks each)**
    - **Educational Tourism**
    - **Business Tourism**
    - **Sports Tourism**
    - **Pilgrimage Tourism**
    - **Cultural Tourism**
    - **Medical Tourism**
    - **Nature Tourism**
    - **Wildlife Tourism**
    - **Heritage Tourism**
    - **MICE tourism**
    - **Eco-Tourism**
4. **Make a classification of tourism products with suitable examples. (5 marks)**

Unit: III: Stakeholders of Tourism and Travel Management

A. State Level Organisation

Department of Tourism (Government of West Bengal)

1. Department of Tourism (Government of West Bengal)

পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগ হল পশ্চিমবঙ্গ রাজ্য সরকারের তত্ত্বাবধানে কর্মরত একটি স্বরাষ্ট্র মন্ত্রণালয় যা মূলত পশ্চিমবঙ্গে পর্যটন শিল্পের প্রসার এবং উন্নয়নের জন্য সংঘটিত। এই বিভাগটি পর্যটন সম্পর্কিত বিভিন্ন পরিষেবার প্রচার এবং সামগ্রিক উন্নয়নের সুবিধার্থে গঠিত হয়েছে। এই পর্যটন বিভাগে **WBTDCL** নামে একটি ইউনিট রয়েছে যার অধীনে সারা রাজ্য জুড়ে বিভিন্ন জেলায় অনেক পর্যটন কেন্দ্র রয়েছে, যেখানে অনলাইন পরিষেবার মাধ্যমে পর্যটন সম্পর্কিত নানান সুযোগ সুবিধা প্রদান করা হয়। পশ্চিমবঙ্গের এই পর্যটন বিভাগ বেশ কয়েকটি উদ্যোগের মাধ্যমে সারা বছর ধরে **WBTDCL**-এর মারফত বিভিন্ন স্থানে নানান ট্যুর প্যাকেজ অফার করে এবং একইসাথে বিশেষ উপলক্ষ এবং উৎসবের দিন গুলিতে যেমন দুর্গাপূজা (যা বিশ্বের অন্যতম বৃহত্তম উৎসব), বড়দিন, পৌষ মেলা, বসন্ত উৎসব ইত্যাদির সময় বিভিন্ন প্যাকেজের মাধ্যমে সাংস্কৃতিক পর্যটনের প্রচার করে। এই বিভাগটি ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, সোশ্যাল মিডিয়া, রেডিও এবং টিভির পাশাপাশি অডিও-ভিজ্যুয়াল পদ্ধতির মাধ্যমে ডিজিটাল উপস্থিতি রয়েছে।

2. Mission of West Bengal Tourism Department (পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগের লক্ষ্য):

পশ্চিমবঙ্গ ভারতের অন্যতম সাংস্কৃতিক ও জাতিগতভাবে বৈচিত্র্যময় রাজ্য। পশ্চিমবঙ্গের পর্যটন বিভাগের লক্ষ্য রাজ্যের অনন্য ভৌগোলিক পরিবেশ এবং পর্যটন-সম্পর্কিত বিভিন্ন সম্পদ প্রদর্শনের মাধ্যমে পর্যটন এবং পর্যটন সম্পর্কিত বিনিয়োগের প্রচার করা। এই বিভাগটি একটি সমন্বিত পদ্ধতিতে পর্যটন শিল্পের প্রয়োজনীয় অবকাঠামো গড়ে তোলার সাথে সাথে রাজ্যের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটায় এবং বিভিন্ন আইন, বিধি, ও প্রবিধানের মাধ্যমে সামঞ্জস্যপূর্ণ পরিবেশ সুরক্ষা বজায় রাখতে এবং মানুষের জীবনযাত্রার মান উন্নয়নে অবদান রাখে।

3. Vision of West Bengal Tourism Department (পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগের দৃষ্টিভঙ্গি):

পশ্চিমবঙ্গ প্রাকৃতিক ও সাংস্কৃতিক সম্পদে সমৃদ্ধ একটি রাজ্য যার সৌন্দর্যতাকে পর্যটন শিল্পে ব্যবহার করে পর্যটন শিল্পে উন্নতি করা যেতে পারে। রাজ্যের পর্যটন নীতি অনুসারে, রাজ্যে বিভিন্ন পর্যটন পণ্য/গন্তব্যগুলিকে সক্রিয়ভাবে বিকাশ করতে এই সম্পদগুলিতে মনোনিবেশ অত্যন্ত প্রয়োজনীয়। এক্ষেত্রে যেসব পর্যটন পণ্য/গন্তব্যগুলিকে অগ্রাধিকার দেওয়া হয় সেগুলি নিম্নরূপ:

i. প্রকৃতি ভিত্তিক পর্যটন

পশ্চিমবঙ্গে মরুভূমি ছাড়া দেশের বিদ্যমান বেশিরভাগ প্রাকৃতিক সম্পদের উপস্থিতি লক্ষ্য করা যায়। এই সম্পদগুলির মধ্যে কিছু অনন্য সম্পদ রয়েছে যেমন সুন্দরবনের ম্যানগ্রোভ বনভূমি ও ব-দ্বীপ অঞ্চল, দার্জিলিঙ-কালিম্পং এর হিমালয় পার্বত্য অঞ্চল, ডুয়ার্সের সবুজ চা বাগান ও বন্যপ্রাণীর সৌন্দর্য, পুরুলিয়ার পাহাড়ি এলাকা, এবং দীঘার সমুদ্র সৈকত ইত্যাদি। এই প্রাকৃতিক সম্পদ গুলি তাদের বৈচিত্র্যময় সৌন্দর্যের জন্য এই রাজ্যকে অন্য রাজ্যদের তুলনাই বিশেষ প্রতিযোগিতামূলক সুবিধা দেয়। ভবিষ্যতে এই প্রাকৃতিক সম্পদ গুলিকে ঘিরে পর্যটন শিল্পকে আরো উন্নত করে তোলার পরিকল্পনা চলছে, যার মধ্যে থাকবে সুন্দরবন পর্যটন, প্ল্যান্টেশন ট্যুরিজম, সাগর ও উপকূলীয় পর্যটন, পর্বত পর্যটন, ইকো এবং ফরেস্ট ট্যুরিজম এবং নদী পর্যটন ইত্যাদি।

ii. সাংস্কৃতিক পর্যটন

পশ্চিমবঙ্গ ভারতের একটি অন্যতম সাংস্কৃতিক পীঠস্থান। পশ্চিমবঙ্গের এই সাংস্কৃতিক সম্পদকে পর্যটনের দৃষ্টিকোণ থেকে আরও জোরালোভাবে এগিয়ে নিয়ে যাওয়া দরকার যাতে রাজ্যের পর্যটন শিল্পকে একটি অতুলনীয় জোয়ার দেওয়া যায়। সাংস্কৃতিক পর্যটনের বিভিন্ন উপাদানগুলির মধ্যে রয়েছে মেলা এবং উৎসব পর্যটন, ঐতিহ্যস্থান পর্যটন, শিল্প ও কারুশিল্প পর্যটন, রন্ধনপ্রণালী পর্যটন, চলচ্চিত্র পর্যটন, এবং গ্রাম তথা গ্রাম্য জীবন পর্যটন ইত্যাদি।

iii. ধর্মীয় পর্যটন

ভারত তার ধর্মীয় উপাসনালয়ের জন্য সুপরিচিত। বর্তমানে দেশব্যাপী বিভিন্ন ধর্মীয় গন্তব্যে পর্যটন, ভ্রমণের একটি অন্যতম কারণ হয়ে দাঁড়িয়েছে। এই ধর্মীয় পর্যটনে পশ্চিমবঙ্গে অনেক গুরুত্বপূর্ণ পরিকল্পনা গ্রহণ করা হয়েছে যা ধর্মীয় স্থান সম্পৃক্ত পর্যটন পণ্যের উন্নয়ন করবে।

iv. সমসাময়িক পর্যটন

বর্তমান সময় সাপেক্ষে পর্যটন শিল্পে প্রতিযোগিতামূলক থাকার জন্য সমসাময়িক আকর্ষণীয় বিভিন্ন পর্যটন পণ্যের প্রতি গুরুত্ব নিবেশ করতে হবে যেগুলোর আকর্ষণে মানুষ এক স্থান থেকে অন্য স্থানে ভ্রমণ করে। সমসাময়িক পর্যটনে শপিং ট্যুরিজম, কনভেনশন ট্যুরিজম, অবসর ও বিনোদন মূলক ট্যুরিজম, মেডিকেল ট্যুরিজম, রেল ট্যুরিজম, হাইওয়ে ট্যুরিজম, স্পোর্টস ট্যুরিজম, স্পেশাল ট্যুরিজম, এবং অন্যান্য পর্যটন পণ্য অন্তর্ভুক্ত থাকবে।

4. পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগের অন্তর্গত শীর্ষ পর্যটন গন্তব্য স্থানগুলি হল কালিম্পং, দীঘা, সুন্দরবন, দার্জিলিং, ডুয়ার্স, শান্তিনিকেতন, পুরুলিয়া, বিষ্ণুপুর এবং কলকাতা ইত্যাদি।

5. পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগের অন্তর্গত কিছু পর্যটন সম্পত্তি হল অরণ্য (জলদাপাড়া), মাতলা (সুন্দরবন), মেঘবালিকা (দার্জিলিং), মতিঝিল পার্ক (মুর্শিদাবাদ), এবং রঙ্গবিতান (বোলপুর) ইত্যাদি।

Source: West Bengal Tourism Department (wbtourism.gov.in)

West Bengal Tourism Development Corporation Limited (WBTDCL)

1. **West Bengal Tourism Development Corporation Limited (WBTDCL)** হল একটি রাজ্য সরকারী সংস্থা যা পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগের অন্তর্গত থেকে পর্যটনের প্রচার করে। এই সংস্থাকে 1974 সালের 29 এপ্রিল, **Companies Act, 1956** এর দ্বারা অন্তর্ভুক্ত করা হয়েছিল।
2. এটি পশ্চিমবঙ্গ পর্যটন বিভাগের অন্তর্গত একটি গুরুত্বপূর্ণ সংস্থা যার মূল উদ্দেশ্য হল পশ্চিমবঙ্গে পর্যটনের বিকাশ এবং প্রচার ঘটানো। এই উদ্দেশ্যে এই সংস্থা পশ্চিমবঙ্গের বিভিন্ন পর্যটন স্থানে হোটেল, লজ, গেস্ট হাউস, মোটেল, রেস্টুরেন্ট ইত্যাদির ব্যবস্থা করেছে এবং বিভিন্ন আকর্ষণীয় ট্যুর প্যাকেজের মাধ্যমে এই পর্যটন গন্তব্য গুলিকে আরো জনপ্রিয় করে তুলেছে।
3. **WBTDCL** পশ্চিমবঙ্গে আগত দেশীয় এবং আন্তর্জাতিক উভয় পর্যটকদের জন্য তার সংস্থান এবং দক্ষতা সরবরাহ করতে এবং রাজ্যের শিল্প, সংস্কৃতি, ঐতিহ্য এবং প্রকৃতির অভিজ্ঞতা অর্জনে তাদের প্রত্যাশা পূরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

4. বর্তমানে পশ্চিমবঙ্গের প্রায় 39 টির বেশি জায়গায় পর্যটন পরিষেবা প্রদানের জন্য এই সংস্থার লজ এবং হোটেল ব্যবস্থাপনা আছে যেগুলির মধ্যে জনপ্রিয় পর্যটন গন্তব্য গুলি হল বকখালি, বীরভূম, বিষ্ণুপুর, বোলপুর, দার্জিলিং, বহরমপুর, ডায়মন্ড হারবার, দিঘা, জলপাইগুড়ি, জলদাপাড়া, জয়ন্তী-বক্সা, ঝাড়গ্রাম, কালিম্পং, লাটাগুড়ি, মূর্তি, পুরুলিয়া, রামপুরহাট, সুন্দরবন, শিলিগুড়ি, এবং সল্টলেক ইত্যাদি।
5. পশ্চিমবঙ্গের বিভিন্ন স্থানে পর্যটন শিল্পকে আরও জনপ্রিয় করে তোলার জন্য এই সংস্থা অনেক আকর্ষণীয় ট্যুর প্যাকেজের প্রচার করে যেমন সুন্দরবন ট্যুর প্যাকেজ, পৌষমেলা ট্যুর প্যাকেজ, কলকাতা কানেক্ট সিটি ট্যুর প্যাকেজ ইত্যাদি।
6. এই সংস্থা পর্যটন পরিষেবার পাশাপাশি দিবারাত্রি অন্যান্য গুরুত্বপূর্ণ আনুষাঙ্গিক পরিষেবা প্রদান করে থাকে যেমন 24 ঘন্টা জেনারেটর এর ব্যবস্থা, এয়ারকন্ডিশনের ব্যবস্থা, এক স্থান থেকে অন্য স্থানে ভ্রমণের ব্যবস্থা, গাড়ি পার্কিং এর ব্যবস্থা, ইন্টারনেটের ব্যবস্থা, কনফারেন্স রুমের ব্যবস্থা, রেস্তোরাঁ এবং খাবারের আয়োজন ইত্যাদি।
7. WBTDC-এর অধীনে পশ্চিমবঙ্গের সমগ্র পর্যটন ব্যবস্থাপনাকে **সাতটি প্রধান পর্যটন বর্তনীতে** (**Tourism Circuits**) ভাগ করা হয় যেগুলি সম্পর্কে নিচের টেবিলে আলোচনা করা হল;

প্রধান পর্যটন বর্তনী	জনপ্রিয় পর্যটন কেন্দ্র	উদাহরণ
Himalayan Circuit (হিমালয় পর্যটন বর্তনী)	দার্জিলিং, কালিম্পং, কার্সিয়ং, শিলিগুড়ি	Hill Top Tourism Property Earlier Hill Top Tourist Lodge: Kalimpong
Wildlife Circuit (বন্যপ্রাণী পর্যটন বর্তনী)	জলদাপাড়া, মূর্তি, জলপাইগুড়ি, সুন্দরবন, লাটাগুড়ি,	Moorti Tourism Property Earlier Murti Tourist Lodge: Murti
Heritage Circuit (ঐতিহ্য স্থান পর্যটন বর্তনী)	মালদা, বহরমপুর, বোলপুর, বিষ্ণুপুর, তারকেশ্বর	Shantobitan Tourism Property Earlier Shantiniketan Tourist Lodge: Bolpur
Riverine Circuit (নদীকেন্দ্রিক পর্যটন বর্তনী)	ডায়মন্ড হারবার, মাইথন, হুগলি	Sabujdweep Tourism Property, Balagarh
Metro Circuit (মেট্রো অঞ্চল পর্যটন বর্তনী)	ব্যারাকপুর, সল্টলেক, কালীঘাট	Udayachal Tourism Property Earlier Udayachal Tourist Lodge: Salt Lake

Town Circuit (শহরাঞ্চল পর্যটন বর্তনী)	দুর্গাপুর, রামপুরহাট, গজলডোবা, রায়গঞ্জ	Bhorer Alo Tourism Property: Gazoldoba
Beach Circuit (সৈকত পর্যটন বর্তনী)	বকখালি, দীঘা, গঙ্গাসাগর	Gangasagar Tourism Property: Gangasagar

Source: West Bengal Tourism Development Corporation Limited, 2024



Himalayan Circuit, Darjeeling

Wildlife Circuit, Jaldapara

Beach Circuit, Digha

Riverine Circuit, Maithon Dam

Heritage Circuit, Bishnupur

Metro Circuit, Salt Lake

Town Circuit, Gazoldoba

B. National Level Tourism and Travel Organisations		
Organization	**Full Name**	Functions
1. Ministry of Tourism Government of India		Ministry of Tourism, ভারত সরকারের অধীনে কর্মরত একটি কেন্দ্রীয় পর্যটন মন্ত্রণালয় যা সারা দেশে পর্যটনের উন্নয়ন ও প্রচারের জন্য জাতীয় নীতি ও কর্মসূচি প্রণয়ন করে। এই পর্যটন মন্ত্রকের আঞ্চলিক কার্যালয়গুলি পাঁচটি শহরে অবস্থিত যথা চেন্নাই, গুয়াহাটি, কলকাতা, মুম্বাই, এবং নয়া-দিল্লি। এই পাঁচটি শহর ছাড়াও কেন্দ্রীয় পর্যটন মন্ত্রকের অন্যান্য কার্যালয়গুলি আগ্রা, ঔরঙ্গাবাদ, বেঙ্গালুরু, ভুবনেশ্বর, গোয়া, হায়দ্রাবাদ, ইম্ফল, ইন্দোর ইত্যাদি শহরে অবস্থিত। এই সংস্থা বিভিন্ন বিপণন এবং প্রচারমূলক পদ্ধতির দ্বারা যেমন বিজ্ঞাপন প্রচার থেকে শুরু করে বিভিন্ন আন্তর্জাতিক মেলা, অনুষ্ঠান, প্রদর্শনী তথা নানান ইভেন্টে অংশগ্রহণের মাধ্যমে সারা বিশ্বের কাছে ভারতকে একটি আকর্ষণীয় পর্যটন গন্তব্য হিসাবে প্রতিনিধিত্ব করে। এই মন্ত্রণালয় পর্যটনের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি গ্রহণের সাথে সাথে পর্যটন সম্পর্কিত অবকাঠামোগত উন্নয়নে (পরিবহন নেটওয়ার্ক, হোটেল, রেস্তোরাঁ, রিসর্ট, পর্যটন সার্কিট ইত্যাদি প্রতিষ্ঠা) বিশেষ ভূমিকা পালন করে। এছাড়াও এই মন্ত্রণালয় বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন, দেশের ঐতিহ্যবাহী স্থানগুলি সংরক্ষণের জন্য নানান কর্মসূচি গ্রহণ করে। পর্যটন মন্ত্রক 2014-15 সালে স্বদেশ দর্শন স্কিম চালু করে যার মাধ্যমে দেশের থিম্যাটিক ট্যুরিস্ট সার্কিটগুলির সমন্বিত উন্নয়নের প্রচেষ্টা চলছে। এই প্রেক্ষাপটে, পর্যটন মন্ত্রকের অধীনে 76 টি প্রকল্প অনুমোদন করা হয়েছে। পর্যটন মন্ত্রক 2014-15 সালে দেশের স্বীকৃত তীর্থস্থানগুলির সামগ্রিক বিকাশের লক্ষ্যে "National Mission on **P**ilgrimage **R**ejuvenation and **S**piritual **A**ugmentation **D**rive

